

( 2 )

Ex./BANGLA/PG/1.55/2018

২.খ. 'বন্ধুচর্যাশ্রম' গড়ে তোলবার একেবারে প্রথম দিকে রবীন্দ্রনাথের যে দর্শনভাবনা কাজ করে যাচ্ছিল তা ব্যাখ্যা করে জানাও। সেই ভাবনা কীভাবে ধীরে ধীরে বদলে 'বিশ্বভারতী'-র রূপ নিল, সে বিষয়েও সংক্ষেপে আলোচনা করো।

$$6+8=10$$

৩.ক. নোবেল প্রাইজ প্রাপ্তি রবীন্দ্রনাথের জীবনের গতিতে কোনো প্রভাব ফেলেছিল কি? সম্মানের সঙ্গে সংকটও কি দেখা দিল তাঁর জীবনে? বিশ্লেষণ করে লেখো।

10

**অথবা**

৩.খ. সেভিয়েত রাশিয়া বিষয়ে রবীন্দ্রনাথের মূল্যায়ন অবিমিশ্র নিন্দা বা প্রশংসার নয়। 'রাশিয়ার চিঠি' অবলম্বনে সেই মিশ্র-প্রতিক্রিয়া বিশ্লেষণ করো।

10

৪.ক. রবীন্দ্রজীবনের শেষ পর্বে মংপু-কালিম্পং ভ্রমণের আলাদা কোনো তাৎপর্য আছে বলে কি তুমি মনে করো? যুক্তিসহ তোমার মতামত দাও।

**অথবা**

৪.খ. রবীন্দ্রজীবনের শেষপর্বে (১৯৩১-৪১) রবীন্দ্রনাথের রাজনৈতিক দর্শনের পরিচয় দাও।

10

———— x ———

স্নাতকোত্তর অন্ত্য সেমেস্টার পরীক্ষা, ২০১৮

(প্রথম বর্ষ, প্রথম সেমেস্টার)

বিভাগ - বাংলা

রবীন্দ্রজীবন

কোর্স পি.জি. - ১.৫৫

সময় দু ঘণ্টা

পূর্ণমান ৩০

যে কোনও ৩টি প্রশ্নের উত্তর দাও।

১.ক. নিজের ছোটবেলোকার পড়াশোনা নিয়ে কথা বলতে গেলে রবীন্দ্রনাথের মনে হয় 'জেলখানা'-র কথা, মনে হয় সে যেন 'দশটা-চারটের আন্দামান'। রবীন্দ্রজীবনের প্রাসঙ্গিক অংশ বিশ্লেষণ করে এত কঠোর শব্দাবলি ব্যবহারের তাৎপর্য বুবিয়ে দাও।

10

**অথবা**

১.খ. 'জীবনস্মৃতি'-র 'মৃত্যুশোক' অধ্যায়ে রবীন্দ্রনাথ লিখেছিলেন, 'তবু এই দুঃসহ দুঃখের ভিতর দিয়া আমার মনের মধ্যে ক্ষণে ক্ষণে একটা আকস্মিক আনন্দের হাওয়া বহিতে লাগিল, তাহাতে আমি নিজেই আশ্চর্য হইতাম।' এই 'দুঃসহ দুঃখ' এবং 'আকস্মিক আনন্দের' তাৎপর্য নিজের ভাষায় সংক্ষেপে বুবিয়ে লেখো।

10

২.ক. রবীন্দ্রনাথ যেখানে জমিদার সেখানে তো তিনি 'শাসক'। সেই রবীন্দ্রনাথের সঙ্গে কবি-মানবতাবাদী রবীন্দ্রনাথের কোনো মৌলিক বিরোধ কি তোমার চোখে পড়ে? তোমার উত্তরের সমর্থনে যুক্তি দাও।

10

**অথবা**

(Turn over)